গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০১.০১.০০৩.০৪ (অংশ-৪). ২৭/১ তারিখ: ০৯/০১/২০১৮ খ্রি.

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম বোর্ড সভা গত ২৪/১২/২০১৭ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান ড. মোঃ মোজাম্মেল হক খান এর সভাপতিত্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নির্দেশক্রমে এর সাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: ২৭তম বোর্ড সভার কার্যবিবরণী।

09/01/18

( মোহাম্মদ কেফায়েত উল্লাহ্)
পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৩৯২১২০
ফ্যাক্স : ৯৩৩৫৩৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

০১। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
০২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
০৩। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪। বিভাগীয় কমিশনার ও সভাপতি, আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
০৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন।
০৯। অতিরিক্ত সচিব(প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩। যুগ্মসচিব(মতামত), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। পরিচালক(প্রশাসন)/পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৬। সিনিয়র সচিব মহোদয়ের একামত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৯। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২০। সহকারী পরিচালক(প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২১। প্রশাসনিক কর্মকর্তা (কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২২। হিসাবরক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/বোর্ড তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২৩। গবেষনা কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২৪। পরিবহণ কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২৫। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়কে অবহিত করণের জন্য)।
২৬। অফিস কপি।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা
www.bkkb.gov.bd

১০/০৯/১৪২৪ বঙ্গাব্দ/ ২৪/১২/২০১৭ খ্রি. তারিখে
অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম বোর্ড সভার কার্যবিবরণী

১০/০৯/১৪২৪ বঙ্গাব্দ/ ২৪/১২/২০১৭ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
www.bkkb.gov.bd

বিষয়: **২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম বোর্ড সভা ২৪ ডিসেম্বর, ২০১৭ তারিখ দুপুর ১২.৩০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান ড. মো: মোজাম্মেল হক খান এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/ কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য সচিব-কে অনুরোধ করেন। মহাপরিচালক সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

আলোচ্যসূচি ১.০। **গত ২৯ জুন, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৬তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, ২৯ জুন, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৬তম সভার কার্যবিবরণী সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর কোনরুপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য পাওয়া যায়নি। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিত (Confirm) করা হয়। অতঃপর বিগত ২৯ জুন, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের ২৬তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়:

(ক) **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ।**

(i) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ভবন নির্মাণ প্রকল্পের ১৩/০৯/২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিইসি সভার পরামর্শ ও নির্দেশনার আলোকে দেশের খ্যাতনামা স্থপতিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির ০১/০৮/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় স্থাপত্য অধিদপ্তর কর্তৃক পুনর্গঠিত নকশা নীতিগতভাবে অনুমোদিত হয় এবং সিদ্ধান্ত অনুযায়ী স্থাপত্য অধিদপ্তর কর্তৃক স্থাপত্য নকশা ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দু'টি খসড়া প্রাক্কলন প্রস্তুত করে ০৫/০৩/২০১৭ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা পুনর্গঠন ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দু'টি খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত দু'ধরনের স্থাপত্য নকশা দ্রুততম সময়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুনয় সম্মতি ও দিক নির্দেশনার জন্য অচিরেই সময় চাওয়া হবে।

(ii) এ বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, বোর্ডের মহাপরিচালক মূখ্য সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করে আগামী জানুয়ারি মাসের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে ডিপিপি পুনর্গঠন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

শেরেবাংলা নগর কমিউনিটি সেন্টার সংক্রান্ত: এ পর্যায়ে পরিচালক (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, শেরেবাংলানগর কমিউনিটি সেন্টার বিগত ২০০৮ সালে র‍্যাব-২ কে অস্থায়ীভাবে ক্যাম্প স্থাপনের জন্য ভাড়া প্রদান করা হয়। তাদের সাথে চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৭ খ্রি. তারিখে শেষ হয়েছে। ২৫ মে ২০১৭ খ্রি. তারিখে র‍্যাব-২/২২২২ কিউ/৫০৯ নং স্মারকে উক্ত কমিউনিটি সেন্টারটি অস্থায়ীভাবে ব্যবহারের মেয়াদ ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করণের অনুরোধ জানিয়ে আবেদন করেছেন। ইতোমধ্যে র‍্যাব-২ কর্তৃক ভাড়া প্রদান স্থগিত রাখা হয়েছে। যেহেতু আগামী জুলাই, ২০১৮ মাসের মধ্যে কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ ৩০ তলা ভবন নির্মাণের কার্যক্রম শুরু হতে পারে, সেহেতু শেরেবাংলানগর কমিউনিটি সেন্টারটির স্থানে স্টাফবাসগুলো রাখার বিকল্প স্থান হিসেবে ব্যবহার আবশ্যক হতে পারে। সভাকে

আরও অবহিত করা হয় যে, চুক্তির মেয়াদ বর্ধিত না করায় র‍্যাব-২ হতে কোন ভাড়াও পরিশোধ করা হচ্ছে না এবং তারাও বিভিন্ন বিলসমূহ পরিশোধ করতে পারছেন না। এ প্রেক্ষাপটে শেরেবাংলানগর কমিউনিটি সেন্টারটি র‍্যাব-২ এর অনুকূলে ভাড়ার বিনিময়ে আগামী ৩০/০৬/২০১৮ পর্যন্ত নবায়ন করার প্রস্তাব করা হয় এবং এ নবায়ন আর বৃদ্ধি করা হবে না এ মর্মে তাদেরকে অবহিত করা যেতে পারে।

এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, ভবন নির্মাণের কাজ শুরু হলে শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গাটি বোর্ডের স্টাফবাস রাখার জন্য প্রয়োজন হবে বিধায় আগামী ৩০ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত ভাড়া নবায়ন করে কমিউনিটি সেন্টারটি খালি করে দেয়ার জন্য র‍্যাব-২ কে অনুরোধ করা যেতে পারে। সভা এ বিষয়ে একমত পোষণ করে। বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত : (১) **বোর্ডের মহাপরিচালক প্রধানমন্ত্রীর মূখ্য সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করে জানুয়ারি, ২০১৮ মাসের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট নকশা উপস্থাপনের সময় গ্রহণ করবেন এবং বোর্ডের চেয়ারম্যানসহ নকশা উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রয়োজনে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে দ্রুত প্রেরণ করতে হবে;**

(২) **ভবন নির্মাণের কাজ শুরু হলে শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গাটি বোর্ডের স্টাফবাস রাখার জন্য প্রয়োজন হবে বিধায় র‍্যাব-২ এর সাথে সম্পাদিত চুক্তি ভাড়া আগামী জুন, ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নবায়ন করে ১ জুলাই, ২০১৮ খ্রি. তারিখ হতে কমিউনিটি সেন্টারটি খালি করে দেয়ার জন্য র‍্যাব-২ কে অনুরোধ করে পত্র দিতে হবে। এ পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ে দিতে হবে।**

বাস্তবায়নে : **(১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;**
**(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;**
**(৩) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।**

(খ) **বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।**

মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, চট্টগ্রাম ও খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টারের স্থানে নতুন ভাবে বহতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রনয়ণের বিষয়ে ২২/১২/১৬খ্রি. তারিখে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ফ্লোর ভিত্তিক পরিকল্পনার সংশোধনী প্রস্তাব জানুয়ারী/২০১৭ তে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল। এ প্রস্তাবের প্রেক্ষিতে স্থাপত্য অধিদপ্তরের কিছু পরামর্শ ও চাহিদা থাকায় সে মতে পুনঃ সংশোধিত প্রস্তাবনা মে, ২০১৭ মাসে প্রেরণ করা হয়েছে।

অপরদিকে খুলনা কমিউনিটি সেন্টারের ফ্লোর ভিত্তিক পরিকল্পনা পাওয়া গেছে কিন্তু তা যথাযথ নয় বিধায় পুনরায় প্রেরণ করার জন্য বলা হয়েছে। Soil Test এর রিপোর্ট, ডিজিটাল সার্ভে ও উক্ত স্থানে কয়টি বেজমেন্ট এবং কততলা ভবন নির্মাণ করা যাবে সে সম্পর্কিত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। ডিজিটাল সার্ভে রিপোর্টও পাওয়া যায়নি।

চট্টগ্রাম ও খুলনার কমিউনিটি সেন্টার দু'টির নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে অনির্দিষ্টকাল সময় দেয়া সম্ভব নয় বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে স্থাপত্য অধিদপ্তরকে এক মাসের মধ্যে বহতল ভবন নির্মানের নকশা প্রণয়নের জন্য জরুরী ভিত্তিতে পত্র প্রদান করা যেতে পারে। স্থাপত্য অধিদপ্তর হতে এক মাসের মধ্যে নকশা না পেলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আউট সোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারে মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। এ বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত : **বোর্ডের চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে বহতল ভবন নির্মাণের জন্য স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে তাগিদপত্র প্রদান করতে হবে এবং এক মাসের মধ্যে নকশা না পেলে কল্যাণ বোর্ড আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরী ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।**

বাস্তবায়নে : **(১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**(২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/খুলনা বিভাগ।**
**(৩) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম/খুলনা বিভাগ।**

(গ) **সোনালী ব্যাংক ও বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব রিকনসাইল করে সমন্বয় করা প্রসঙ্গে।**

মহাপরিচালক সভায় জানান যে, ২৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের বিভাগীয় উপপরিচালকগন হিসাব রিকনসাইলের কাজ ২০০৬ থেকে ২০১৫ সাল পর্যন্ত যে হিসাব সম্পন্ন করেছেন, তাতে দেখা যায় সোনালী ব্যাংকের রাজশাহী এবং বরিশাল বিভাগীয় কার্যালয়ের নিকট থেকে টাকা (১৩,৫৮,১৬,৩৬৪+৩,৮৮,৬৮,৫১৫) = ১৭,৪৬,৮৪,৮৭৯/- বকেয়া টাকা পাওনা ছিল। উক্ত টাকা হতে রাজশাহীতে টাকা ৫,০০,০০,০০০/- এবং বরিশালে টাকা ১,৫০,০০,০০০/- চলতি ২০১৬-১৭ অর্থ বছরে সোনালী ব্যাংক কে পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট টাকা রিকনসাইল সংক্রান্ত সফট্ওয়ারের মাধ্যমে হিসাব সম্পন্ন করার পর পর্যায়ক্রমে পরিশোধ করা হবে। তাছাড়া বোর্ডের আর কোন বিভাগ থেকে ব্যাংক টাকা পাবে না বলে ব্যাংক কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন।

মেয়াদোত্তীর্ণ আদেশনামা ফেরত ও রিকনসাইল কাজ দ্রুত সম্পন্নের জন্য সভাপতি ব্যাংক কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করলে ব্যাংক কর্তৃপক্ষ ৩ মাসের মধ্যে সকল মেয়াদোত্তীর্ণ আদেশনামা ফেরত এবং ২০০৬ হতে ২০১৫ পর্যন্ত রিকনসাইল কাজ সম্পন্ন করবেন বলে সভায় সময় প্রার্থনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ব্যাংক কর্তৃপক্ষকে দুই মাসের মধ্যে উক্ত কাজ সম্পন্ন করার জন্য সময় বেধে দেয়া হয়।

সিদ্ধান্ত : **(১) সোনালী ব্যাংক রমনা কর্পোরটে শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ সকল আদেশনামা ফেরত এবং ২০০৬ থেকে ২০১৭ সন পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত সম্পন্ন করবেন;**
**(২) বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ২০০৬ সন থেকে ২০১৭ পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত শেষ করবেন;**
**(৩) রাজশাহী বিভাগীয় কার্যালয়ের নিকট সোনালী ব্যাংকের বকেয়া পাওনা ৮,৫৮,১৬,৩৬৪/- এবং বরিশাল বিভাগীয় কার্যালয়ের নিকট সোনালী ব্যাংকের বকেয়া পাওনা ২,৩৮,৬৮,৫১৫/- রিকনসাইল সংক্রান্ত সফট্ওয়ারের মাধ্যমে হিসাব সম্পন্ন করার পর পর্যায়ক্রমে পরিশোধ করা হবে।**

বাস্তবায়নে : **(১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;**
**(২) সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখা;**
**(৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)।**

(ঘ) **কল্যাণ তহবিলের মাসিক চাঁদা এবং যৌথবীমার প্রিমিয়াম বৃদ্ধিকরণ।**

মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, **সরকারি কর্মচারীগণের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার এবং ভাতার পরিমান বৃদ্ধির জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৭ এর ভেটিং শেষে মন্ত্রিপরিষদের চূড়ান্ত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।** আইন সংশোধনের পর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ সংশোধন করা হবে।

সিদ্ধান্ত : **সরকারি কর্মচারীগণের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার এবং ভাতার পরিমান বৃদ্ধির জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৭ প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।**

বাস্তবায়নে : **(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়;**
**(২) অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়; এবং**

(ঙ) **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অনিয়মিত ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের চাকরি বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তিকরণ:**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে দক্ষ, যুগোপযোগী এবং তথ্য প্রযুক্তিসমৃদ্ধ আদর্শ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা, সেবা পদ্ধতি ডিজিটালাইজেশনকরণ, সফট্ওয়ারের মাধ্যমে সেবা পদ্ধতি সহজীকরণ করা, সেবার পরিমান/পরিধি বৃদ্ধি পাওয়ায়, সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায়, GRS বাস্তবায়ন, শুদ্ধাচার কৌশল ও SDG লক্ষ্য অর্জন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন এবং বোর্ডকে যুগোপযোগী করার লক্ষ্যে বিদ্যমান অর্গানোগ্রামে সংস্কার আনয়নসহ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের জন্য বিভিন্ন ক্যাটাগরির বিদ্যমান ৪৩৩ টি পদ (২টি কর্মসূচির ২১০ টি পদসহ) এবং নতুন ১৮৬ টি পদ সৃজন সহ সর্বমোট ৫৮৯ টি পদ, বিদ্যমান ১ টি জীপ ও ১০টি মাইক্রোবাস, নতুন ১১ টি কার, বিদ্যমান ৭৮টি বাস/মিনিবাস এবং নতুন ২২ টি বাস/মিনিবাস সহ মোট ১০০টি বাস/মিনিবাস এবং বিদ্যমান

সরঞ্জামাদি ১২৫ টি ও নতুন সরঞ্জামাদি ৭৯টি সহ মোট ২০৪ টি সরঞ্জামাদিসহ উল্লিখিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের লক্ষ্যে ২১/০৯/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখায় প্রেরণ করা হয়। কল্যাণ শাখা হতে ১৬/১০/২০১৭ খ্রি. তারিখে সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের প্রেরণ করা হয়েছে। বিষয়টি প্রক্রিয়াধীন।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো বিবেচনা ও অনুমোদনের জন্য সত্বর ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

**বাস্তবায়নে : (১) অতিরিক্ত সচিব, সওব্য অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;**
**(২) অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয় এবং**
**(৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(চ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ জমি হতে বায়তুল মোকাররম মসজিদের মুসল্লিদের যাতায়াতের লক্ষ্যে নির্মিত রাস্তার জন্য ব্যবহৃত জমির দখল গ্রহণ প্রসংগে।**

২৬তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী, বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগীতার জন্য মহাপরিচালক, ইসলামী ফাউন্ডেশনকে পত্র দেয়া হয়। জবাবে ইসলামী ফাউন্ডেশন জানায় গেটটি চালু করার জন্য তারা ক্রীড়া পরিষদের সাথে বিষয়টি নিস্পত্তির চেষ্টা করছে। জায়গাটি দখলে নেয়া অনভিপ্রেত বলে উল্লেখ করে পত্র দিয়েছে। ধর্ম মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনা করে বিষয়টি সমাধানের উদ্যোগ গ্রহনের জন্য পত্র দেয়া হয়েছে মর্মে মহাপরিচালক সভাকে অবহিত করেন। বোর্ড সভা উক্ত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মালিকানাধীন ৭.১৩ কাঠা জমিতে বায়তুল মোকাররম মসজিদের মুসল্লিদের যাতায়াতের জন্য নির্মিত রাস্তাটি আগামী ৩০ জুন, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে মুসল্লিদের ব্যবহারের উপযোগী করার জন্য ধর্ম মন্ত্রণালয়কে তাগিদ দিতে হবে। ধর্ম মন্ত্রণালয় এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে আগামী ০১ জুলাই, ২০১৮ খ্রি. তারিখ হতে উক্ত রাস্তায় ব্যবহৃত জমির দখল কল্যাণ বোর্ড বুঝে নিবে।**

**বাস্তবায়নে : (১) ইসলামিক ফাউন্ডেশন এবং**
**(২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(ছ) অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরির অনুমোদন ও স্থান নির্বাচন।**

২৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক শেরেবাংলাস্থ কমিউনিটি সেন্টারটি আগামী ৩১/১২/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত নবায়ন করার নির্দেশনা রয়েছে। র‍্যাব-২ কর্তৃক উক্ত কমিউনিটি সেন্টারটি খালি হওয়ার পর অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরির কার্যক্রম শুরু করা যেতে পারে মর্মে মহাপরিচালক সভাকে অবহিত করেন। বোর্ড সভা উক্ত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

**সিদ্ধান্ত: শেরেবাংলাস্থ কমিউনিটি সেন্টারটি খালি হওয়ার পর অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের জন্য বৃদ্ধাশ্রম তৈরি করা হবে।**

**বাস্তবায়নে : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(জ) স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচন।**

**২৬তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণের সাথে সভা করে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর জন্য একটি মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের বিষয়টি সুরাহা করে বোর্ডের মহাপরিচালককে অবহিত করবেন।** এ সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গত ৩০/০৭/২০১৭খ্রি. ও ১৭/১২/২০১৭খ্রি. তারিখে বিভাগীয় কমিশনার কে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর জন্য একটি মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। মৌখিকভাবেও একাধিকবার অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে অদ্যাবধি কোন তথ্য বা উদ্যোগ অবহিত করা হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়।

**সিদ্ধান্ত: ঢাকা বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণের সাথে সভা করে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবেন।**

**বাস্তবায়নে : (১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**(২) বিভাগীয় কমিশনার, ঢাকা।**

(ঝ) **সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আবেদন বিবেচনা।**

সিভিল প্রশাসনে নিয়োজিত প্রজাতন্ত্রের কর্মচারীগণের সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের নীতিমালা তৈরির লক্ষ্যে উপকমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করা হলে প্রতিনিধিত্বকারী মন্ত্রণালয়ের মনোনয়ন পাওয়া গিয়েছে। তবে এটর্নি জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর প্রতিনিধি মনোনয়ন পাওয়া যায়নি। পুনরায় ০৫/১২/২০১৭খ্রি. তারিখে এটর্নি জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর প্রতিনিধি চেয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের খসড়া নীতিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্ত: সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের খসড়া নীতিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।**

**বাস্তবায়নে : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(ঞ) **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা নতুন ট্রেড কোর্স চালু করা।**

মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা নতুন ট্রেড কোর্স চালু করার বিষয়ে মহাপরিচালক জানান যে, সিভিল সার্জন/চিকিৎসা শিক্ষা ও প্রশাসনের সাথে যোগাযোগ করে কোর্স ও সম্ভাব্য প্রশিক্ষক নির্বাচনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**সিদ্ধান্ত: সিভিল সার্জন/চিকিৎসা শিক্ষা ও প্রশাসনের সাথে যোগাযোগ করে স্বাস্থ্য পরিচর্যা নতুন ট্রেড কোর্স চালু করতে হবে।**

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ২.০। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ভূতাপেক্ষ অনুমোদন।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয় মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, ২৭তম বোর্ড সভা অনুষ্ঠানে বিলম্ব হওয়ায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর ২১ বিধি অনুযায়ী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট ইতোমধ্যে বোর্ডের চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য প্রস্তাবিত ১৮০,৫৩,৩৮,০০০/- (একশত আশি কোটি তিপ্পান্ন লাখ আটত্রিশ হাজার) কোটি টাকার বাজেট ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা যেতে পারে মর্মে সকলে একমত প্রকাশ করেন।

*সিদ্ধান্ত:* **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের প্রস্তাবিত ১৮০,৫৩,৩৮,০০০/- (একশত আশি কোটি তিপ্পান্ন লাখ আটত্রিশ হাজার) কোটি টাকার বাজেট ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।**

*বাস্তবায়নে:* **মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৩.০। **সাবেক পররাষ্ট্র সচিব মরহম মোহাম্মদ মিজারুল কায়েস এর স্ত্রী মিসেস নাঈমা চৌধুরী কায়েস এর অনুকূলে মঞ্জুরিকৃত মাসিক কল্যাণ ভাতার অর্থ একসাথে/কিস্তিতে উত্তোলনের আবেদন।**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, সাবেক পররাষ্ট্র সচিব মরহম মোহাম্মদ মিজারুল কায়েস এর স্ত্রী মিসেস নাঈমা চৌধুরী কায়েস গত ৬ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি. তারিখে মাসিক কল্যাণ ভাতার অর্থ একসাথে উত্তোলনের জন্য আবেদন করেছেন। উক্ত ভাতা এককালীন বা কিস্তিতে পরিশোধ করার নিয়ম নেই। কোন কারণে ভাতা উত্তোলন করতে না পারলে বা বিলম্ব হলে আবেদনের প্রেক্ষিতে বকেয়া ভাতা উত্তোলন করার সুযোগ রয়েছে। আবেদনকারী দেশে অবস্থানকালীন যে কোন

সময়ে বকেয়া অর্থ উত্তোলনের জন্য আবেদন পুর্বক প্রাপ্য অর্থ প্রদান করা যেতে পারে অথবা মেয়াদ শেষে সমুদয় অর্থ এককালীন উত্তোলনের অনুমতি প্রদান করার বিষয়ে সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : সাবেক পররাষ্ট্র সচিব মরহম মোহাম্মদ মিজারুল কায়েস এর স্ত্রী মিসেস নাঈমা চৌধুরী কায়েস এর আবেদনের প্রেক্ষিতে বকেয়া অর্থ উত্তোলনের অনুমতি অথবা মেয়াদ শেষে আবেদনের প্রেক্ষিতে সমুদয় অর্থ এককালীন উত্তোলনের অনুমতি প্রদান করা হবে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৪.০। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের একটি নিজস্ব মনোগ্রাম অনুমোদন।**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা। তাই বোর্ডের একটি নিজস্ব মনোগ্রাম থাকা প্রয়োজন। সে লক্ষ্যে কয়েকটি খসড়া মনোগ্রাম প্রস্তত করা হয়েছে। মনোগ্রাম সমূহ সভায় উপস্থাপন করা হয়। সভাপতি বলেন যে, মনোগ্রামটি প্যাডের কোনায় ছোট আকারে থাকলে কেমন হবে এবং বড় আকারে কেমন হবে তা যাচাই করতে হবে। একজন খ্যাতনামা শিল্পীর মাধ্যমে মনোগ্রামের নকশা প্রস্তুত করার বিষয়ে সভাকে অবহিত করা হয়। খ্যাতনামা শিল্পী দ্বারা কয়েকটি মনোগ্রাম প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : পেশাদার নক্সাকারের সহায়তায় বোর্ডের কার্যক্রমকে প্রতিফলিত করে এ রকম মনোগ্রাম প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৫.০। **এসি মিনিবাসের ভাড়া নির্ধারণের ভূতাপেক্ষ অনুমোদন:**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির গাড়ী বহরে ২০১৭খ্রি. সালে ক্রয়কৃত ০২টি এসি মিনিবাস রয়েছে। উক্ত এসি বাসের ভাড়া নির্ধারণের ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয় মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর ২১ বিধি অনুযায়ী জরুরী প্রয়োজনে এসি মিনিবাসের ভাড়া প্রতি কি.মি. ২.০০ টাকা এবং সর্বনিম্ন ভাড়া প্রতি বাসে ১০০০ (এক হাজার) টাকা এবং পিকনিক, বিবাহ অনুষ্ঠান, সেমিনার ও সামাজিক অনুষ্ঠানের ভাড়া দেয়ার জন্য প্রতি কি.মি ১৫০ টাকা হিসেবে ভাড়া নির্ধারণ করার প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা যেতে পারে মর্মে সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত : এসি মিনিবাসের ভাড়া প্রতি কি.মি. ২.০০ টাকা এবং সর্বনিম্ন ভাড়া প্রতি বাসে ১,০০০/- (এক হাজার) টাকা এবং পিকনিক, বিবাহ অনুষ্ঠান, সেমিনার ও সামাজিক অনুষ্ঠানে ভাড়া দেয়ার জন্য প্রতি কি.মি. ১৫০/- টাকা হিসেবে ভাড়া নির্ধারণ করার জন্য প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।**

**বাস্তবায়নে : ১। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**২। পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৬.০। **২০১৬-১৭ অর্থবছরে নতুন ক্রয়কৃত ৩০টি গাড়ীর ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা নতুন গাড়ী ক্রয় সংক্রান্ত:**

২০১৬-২০১৭ অর্থবছরে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক নতুন গাড়ি ক্রয়ের জন্য ১১.০০ (এগার) কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারের The Public Procurement Regulation, ২০০৮ এর প্রচলিত বিধিবিধান প্রতিপালন করে ৩০টি নতুন গাড়ি (১৮টি বড়বাস, ১০টি মিনিবাস ও ২টি এসিমিনিবাস) ক্রয় করা হয়েছে। নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে বোর্ডের অনুমোদন প্রয়োজন রয়েছে। তবে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০০৪ সালের ১নং আইনের ২৫ধারা মোতাবেক নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে বোর্ডের চেয়ারম্যান তথা সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয়ের অনুমোদন নেয়া হয়েছিল। বর্তমানে ক্রয়কৃত উক্ত ৩০টি নতুন গাড়ির ক্রয়ের ভুতাপেক্ষ অনুমোদনের বিষয়ে একমত পোষন করে।

অন্যদিকে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে নতুনগাড়ি ক্রয়ের জন্য ২,৬৫,০০,০০০/- (দুই কোটি পয়ষট্টি লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের নতুন গাড়ি (ভ্যাট, ট্যাক্স, রেজিস্ট্রেশনসহ) ক্রয় করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত : স্টাফবাস সার্ভিস কর্মসূচির জন্য ২০১৬-২০১৭ অর্থবছরে ৩০টি নতুন গাড়ি ক্রয়ের ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের নতুন ভালো গাড়ি ক্রয়ের অনুমতি প্রদান করা হয়।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।**

আলোচ্যসূচি ৭.০। <u>মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরাসরি জনবল নিয়োগ:</u>

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র একটি স্থায়ী ও অত্যাবশকীয় কার্যক্রম। সরকারি কর্মকর্তা, কর্মচারী ও তাদের ওপর নির্ভরশীলদের আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য এবং ২৯ জুলাই, ২০১২খ্রি. তারিখের ১৫ তম বোর্ড সভায় সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের স্ত্রী, কন্যাদের পাশাপাশি অন্যান্য সকল মহিলাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম উন্মুক্ত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ঢাকা মহানগরী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশালে কম্পিউটার, সেলাই ও কাটিং, ব্লক বাটিক,ফ্যাশন ডিজাইন, সেক্রেটিয়াল সায়েন্স, কনফেকশনারি ক্যাটারিং ও বিউটিফিকেশন কোর্স চালু রয়েছে। অবসর ও মৃত্যুজনিত কারণে এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন নতুন কোর্স চালু হওয়ার ফলে প্রশিক্ষক পদে ০৫ টি, দারোয়ান ০৬টি ও সুইপার ০১টি পদ শূণ্য রয়েছে। কাজেই জরুরী ভিত্তিতে শূণ্য পদগুলো সরাসরি জনবল নিয়োগ করা অপরিহার্য।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চাকুরী ১৯৯৮ অনুযায়ী প্রশিক্ষণ পদে ০৫ টি সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে এবং সরকারের বিদ্যমান বিধি অনুযায়ী দারোয়ান ০৬ টি ও সুইপার ০১টি পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত হয়।**

**বাস্তবায়নে : ১। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**২। পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৮.০। <u>স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধন সংক্রান্ত:</u>

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অধীন স্টাফবাস সার্ভিস কর্মসূচির কর্মচারীদের জন্য নির্ধারিত চাকুরি নীতিমালা "স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চাকুরী নীতিমালা, ১৯৯৮" এর সাথে সংযুক্ত তফসীল 'ক' এর নীতিমালা ২(চ) এর ২, ৬, ৭ ও ৯ নং ক্রমিকে বর্ণিত বিষয়ের প্রস্তাবিত সংশোধনী আনয়নের জন্য সুপারিশ করা হয়। তফসীল সংশোধনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের মতামত সহ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণ করে প্রজ্ঞাপন জারী করার বিষয়ে সভা একমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত : স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চাকুরী নীতিমালা, ১৯৯৮ এর তফসীলের বর্ণিত সংশোধনের জন্য সুপারিশ করা হয়েছে। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিধি অনুবিভাগের মতামতসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পতিপালন করতে হবে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৯.০। <u>জটিল ও ব্যয় বহুল রোগের চিকিৎসা অনুদানের সহজীকরণ ফরম অনুমোদন:</u>

অসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি কর্মচারীর জটিল ও ব্যয় বহুল রোগের চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে পূর্বের ফরম সহজ ও যুগোপযোগী করে প্রণয়ন করা হয়েছে। ফরমটি সরকারি গেজেটে প্রকাশ করার লক্ষ্যে বোর্ড সভায় অনুমোদন প্রদানের জন্য সভায় পেশ করা হলে তা নীতিগতভাবে অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত : জটিল ও ব্যয় বহুল রোগের চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত ফরম অনুমোদন** করা হয়।

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ১০.০। বিবিধ:

(ক) <u>বোর্ড কর্মকর্তাদের বিদেশ সফর প্রতিবেদন উপস্থাপন:</u>

নিম্ন-মধ্যম আয়/মধ্যম আয়ের দেশে সরকারি কর্মচারীগণের কল্যাণে গৃহীত কার্যক্রম সরেজমিন পরিদর্শন এবং লব্ধ অভিজ্ঞতার আলোকে বাংলাদেশের সিভিল প্রশাসনে কর্মরত কর্মচারীগণের কল্যাণে অনুরূপ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সমন্বয়ে দু'টি প্রতিনিধি দল ফিলিপিন্স ও শ্রীলঙ্কা এবং দক্ষিন কোরিয়া ও ভিয়েতনাম সফরে যান। সফর শেষে প্রতিবেদন দাখিল করেন।

**সিদ্ধান্ত : দাখিলকৃত প্রতিবেদন গ্রহণপূর্বক সুপারিশসমূহ যাচাই বাছাই অন্তে বাস্তবায়নের উদ্যোগ নেয়া যেতে পারে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(খ) <u>বোর্ডের নিজস্ব আয় বৃদ্ধি বিষয়ক আলোচনা:</u>

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্থায়ী আমানতে বিনিয়োগ (এফডিআর) হতে প্রাপ্ত মুনাফা পূর্বে ১২-১৩% পর্যন্ত ছিল। বর্তমানে এফডিআর এর মুনাফা ৫% করায় বোর্ডের আয় কমে গেছে। বর্তমানে ২৫৯,৭১,৩৪,৮৪৪/- কোটি টাকার এফডিআর করা আছে। যা সরকারি মাকিলাধীন ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে রক্ষিত আছে। এ বিষয়ে সভাপতি মহোদয় জানান যে, বাংলাদেশ ব্যাংক থেকে ব্যক্তি মালিকানাধীন ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের অর্থনৈতিক গ্রেডেশন অনুযায়ী যে ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠানে রাখা নিরাপদ হবে সে বিষয়ে বোর্ডের চেয়ারম্যান কর্তৃক অনুমোদন সাপেক্ষে ঐ সকল ব্যাংক বা অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানে মোট জমা টাকার ২৫% রাখা যেতে পারে। এ বিষয়ে সভায় সবাই একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : স্থায়ী আমানতে বিনিয়োগকৃত অর্থ বেসরকারি ব্যাংক বা অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানে বিনিয়োগের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের তালিকা ও পজিশন (Camel list) জেনে সরকারি বিধিবিধান অনুসরণ করে বিনিয়োগ করা যেতে পারে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(গ) <u>সেবা সহজিকরণে লক্ষ্যে শিওর ক্যাশের মাধ্যমে সেবা গ্রহিতাদের নিকট টাকা প্রেরণ:</u>

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সাহায্য, সাধারণ চিকিৎসা সাহায্য, যৌথবীমার এককালীন সাহায্য, শিক্ষাবৃত্তির অনুদান, দাফন অনুদানের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীর একাউন্টে ইএফটি এর মাধ্যমে প্রদান করা হয়। উক্ত অর্থ প্রেরণের জন্য বোর্ড হতে ব্যাংকে প্রেরণের পর সংশ্লিষ্ট ব্যাংক আবেদনকারীর একাউন্টে ইএফটি মাধ্যমে প্রেরণের জন্য ১-২ মাস সময় নিচ্ছে। শিক্ষাবৃত্তির ইএফটির ক্ষেত্রে ২ থেকে ৩ মাস সময় লেগে যায়। এমতাবস্থায়, শিওর ক্যাশ এর মাধ্যমে ১% হারে ব্যয় অল্প সময়ের মধ্যে আবেদনকারীর মোবাইলের মাধ্যমে অথবা রূপালী ব্যাংক লি. হতে টাকা উত্তোলন করতে পারবে। টাকা প্রেরণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

**সিদ্ধান্ত : শিওর ক্যাশ এর মাধ্যমে উপকারভোগীর অর্থ প্রেরণ করার বিষয়ে সুবিধা-অসুবিধা অধিকতর যাচাই অন্তে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮.১.১৮

(ড. মোঃ মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।